

তারিখ • ৪৭ • MAY 2016 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ২ ...

যুগান্তর

॥ রাবিতে আরও ॥ এক শিক্ষককে হত্যার হৃষকি

ঞাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আবারও এক শিক্ষককে মোবাইলে হত্যার হৃষকি দেয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় ওই শিক্ষক নিরাপত্তা চেয়ে থানায় জিউ করেছেন। এ নিয়ে এক বছরে ৪২ জন শিক্ষককে হত্যার হৃষকি দেয়া হয়েছে। ২৩ এপ্রিল ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এএফএম রেজাউল ফরিদ সিদ্দিকীকে কুপিয়ে হত্যার পর আবারও হৃষকির ঘটনায় শিক্ষকরা চরম আতঙ্কিত হয়ে পড়েছেন।

রোববার বিকাল ৩টার দিকে হৃষকি পাওয়া ওই শিক্ষক ইলেন লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক মো. মাহবুব আলম প্রদীপ। তিনি যুগান্তরকে জানান, বিকালে অপরিচিত নংৰ (১৮১৭৭৪৭৯) থেকে তার মোবাইলে কল আসে। কোন রিসিভ করতেই অপর প্রস্ত থেকে বলা হয়, 'অনেক বেড়ে গেছিস? তোর জীবন শেষ, জাস্ট ওয়েট কর।' নাম-পরিচয়

■ পৃষ্ঠা ১৯ : কলাম ২

॥ রাবিতে আরও এক শিক্ষককে হত্যার হৃষকি ॥

(শেষ পৃষ্ঠার পর)

জানতে চাইলে একই কথার পুনরাবৃত্তি করা হয়। পরে আর কিছু না বলে লাইন কেটে দেয়। যাহুবু আলম বলেন, সম্পত্তি একজন নিরীহ অধ্যাপককে যেভাবে কুপিয়ে হত্যা করা হল, তাতে এ ধরনের হৃষকির ঘটনায় আতঙ্কিত না হয়ে উপায় নেই। পরিবারের সবাই শক্তি হয়ে পড়েছে। আমি বিশ্ববিদ্যালয়ের প্রটোকলকে সঙ্গে সঙ্গে বিষয়টি জানিয়েছি। সন্দেহ নগরীর মতিহার থানায় নিজের এবং পরিবারের নিরাপত্তা চেয়ে সাধারণ ডায়েরি করেছি।

বিশ্ববিদ্যালয়ের প্রটোকল সহযোগী অধ্যাপক মো. মজিবুল হক আজাদ থান বলেন, আমি ওই শিক্ষককে থানায় জিউ করতে

বলেছি। পুলিশকেও আইনচুণ ব্যবহা নেয়ার জন্য বলেছি। মতিহার থানার ওপি হিমায়ুন কবীর যুগান্তরকে বলেন, সর্কার পর থানায় এসে ওই শিক্ষক জিউ করে গেছেন। তার সব রকম নিরাপত্তা দেয়ার চেষ্টা করছে পুলিশ। আর হৃষকির বিষয়টি তদন্তসাপেক্ষে ব্যবহা নেয়া হবে।

গত এক বছরে এ নিয়ে অন্তত ৪২ জন শিক্ষককে হত্যার হৃষকি প্রসঙ্গে রাজশাহী মহানগর পুলিশ কমিশনার মো. শামসুদ্দিন বলেন, শিক্ষকদের হৃষকিতে অপরাধীদের ব্যবহৃত নষ্টগুলো ট্র্যাক করার চেষ্টা করে দেখা গেছে, বেশিরভাগ সিমই অনিবাক্ত। এজন্য শনাক্ত করা সম্ভব হচ্ছে না। তবে পুলিশ সব ধরনের চেষ্টা করে যাচ্ছে শিক্ষকদের নিরাপত্তা নিশ্চিত করতে।